

সদরঘাটে লঞ্ঝের রশি ছিঁড়ে হতাহতের ঘটনায় বিআইডব্লিউটিএ'র তদন্ত কমিটি

ঢাকা, ১১ এপ্রিল ২০২৪;

আজ ঢাকা সদরঘাটে লঞ্ঝের রশি ছিঁড়ে রশির আঘাতে পন্থুনে থাকা ৫ জন যাত্রী নিহত হওয়ার ঘটনায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে। বিআইডব্লিউটিএ'র পরিচালক (ক্রয় ও সংরক্ষণ) মোঃ রফিকুল ইসলাম কমিটির আহ্বায়ক, নৌ সংরক্ষণ ও পরিচালন বিভাগের যুগ্ম পরিচালক মোঃ আজগর আলী এবং বন্দর শাখার যুগ্ম পরিচালক মোঃ কবীর হোসেন কমিটির সদস্য। কমিটি আগামী পাঁচ কর্মদিবসের মধ্যে বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যানের নিকট প্রতিবেদন পেশ করবে।

মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪